

## আউস খান চাষ (সরাসরি বীজ বোনা)

**জাত :-** এন, ডি আর-৯৭, সহবাগী, অঞ্জলী

**বীজ বোনার সময় :-** চৈত্র-বৈশাখ মাসে এক ফসলা বৃষ্টির পর জমি তৈরী করে সরাসরি বীজ বোনতে হবে।

**কানি প্রতি বীজের পরিমাণ :-** ১০ - ১২ কেজি

**বীজ শোধন :-** হালকা রোদে বীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেব এবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

**জমি তৈরী :-** দুই বারে মূল জমিতে চাষ দিন। প্রথমবার ভাল করে আগাছা পরিষ্কার করে চাষ দিয়ে ফেলেরাখুন। জমির জো বুঝে দ্বিতীয় বার চাষ দিয়ে বীজ বোনেমই দিয়ে দিন।

**সারের পরিমাণ এবং সার প্রয়োগ :-** প্রথম চাষে কানি প্রতি ১০০০ - ১৫০০ কেজি গোবর সার প্রয়োগ করুন। দ্বিতীয় তথা শেষ চাষে কানি প্রতি ৩০ কেজি সুপার ফসফেট এবং ৮ কেজি পটাশ জমির সাথে মিশিয়ে দিন। বীজ বোনার ২০ দিন পর ১০ কেজি এবং গোড়ায় থোর আসার সময় আবার ১০ কেজি ইউরিয়া সার প্রয়োগ করুন।

**অন্তরবর্তী পরিচর্যা :-** বীজ বোনার ২০ দিন এবং ৪০ দিনের মাথায় ভাল করে আগাছা পরিষ্কার করে দিন।

**সময়কাল :-** জাত ভেদে ৯০ থেকে ১১০ দিনের মধ্যে ফসল তোলা যায়।

**উৎপাদন :-** কানি প্রতি উৎপাদন ৫০০ - ৭০০ কেজি।